যুগান্তর

তারিখ 29 MAR 2015
পৃষ্ঠা ১৮ কলাম ৬

# কুমিল্লায় ছাত্রসমাজের ৩২তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

কুমিল্লা ব্যুরো

কুমিল্লায় জাতীয় ছাত্রসমাজের ৩২তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। এ উপলক্ষে শুক্রবার বিকালে নগরীর বিভিন্ন সড়কে জাতীয় পার্টি ও জাতীয় ছাত্রসমাজসহ অঙ্গসংগঠনের নেতাকর্মীরা আনন্দ মিছিল বের করে। পরে সন্ধ্যায় নগরীর পুলিশ সুপার মার্কেটের নীচতলায় কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকীর আনুষ্ঠানিক উদ্বোধন করেন কুমিল্লা দক্ষিণ জেলা জাতীয় পার্টির সদস্য সচিব ওবায়দুল কবির মোহন। এ সময় অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন জাপার যুগ্ম আহ্বায়ক মমতাময়ী জ্যোৎস্না, যুব সংহতির সভাপতি মাহবুবুর রশিদ, এসএম বায়েজিদ, সৈয়দ আবদুর রাজ্জাক, ছাত্র সমাজের আহ্বায়ক ওমর ফারুক ভূঁইয়া সোহেল, যুগ্ম আহ্বায়ক জাকির হোসেন, সদস্য সচিব মামুন মজুমদার, মিজানুর রহমান, খাজা আহমেদ পাটোয়ারী, ফয়সাল আহমেদ প্রমুখ।